গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

সিপিটি অনুবিভাগ

সিপি-৩ শাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ড. আবু শাহীন মোঃ আসাদুজ্জামান<br>যুগ্মসচিব (সিপি), জনপ্রশাসন মন্ত্রণালয় |
| সভার তারিখ | ২২ জানুয়ারি ২০২৩ |
| সভার সময় | দুপুর ২:৩০ ঘটিকা |
| স্থান | জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষ, ৪র্থ তলা, জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভা আহ্বানের উদ্দেশ্য সম্পর্কে বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা ও বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠীতব্য উদ্ভাবনী মেলা সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে এ সভা আহব্বান করা হয়েছে।

০২। এ পর্যায়ে সভাপতির আনুমতিক্রমে ইনোভেশন কমিটির সদস্য সচিব, সিনিয়র সহকারী সচিব, সিপি-৩ শাখা আওতাধীন দপ্তর/সংস্থা হতে প্রেরিত ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদনসমূহ পর্যালোচনার নিমিত্ত সভায় উপস্থাপন করেন। তিনি জানান, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম ২.২.৪ অনুসারে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা হতে প্রেরিত ই-গভর্নেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদনসমূহের পর্যালোচনা প্রতিবেদন আগামী ৩১ জানুয়ারি, ২০২৩ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। উক্ত কর্মসম্পাদন সূচক এর লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে বিগত ১০ ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছিল। ইতোমধ্যে দপ্তর/সংস্থা হতে অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পাওয়া গেছে যা পর্যালোচনা করা প্রয়োজন। প্রাপ্ত স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় একাধিক দপ্তর/সংস্থার প্রতিবেদনের সাথে কর্মসম্পাদন সূচকসমূহের জন্য 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩' এ উল্লিখিত সুনির্দিষ্ট প্রমাণক সংযুক্ত করা হয়নি।

০৩। সভায় বিভিন্ন কর্মসম্পাদন সূচকের ব্যাখ্যা প্রদান করা হয় এবং দপ্তর/সংস্থাসমূহকে সে অনুসারে বাস্তবায়ন করে প্রমাণক সংযুক্ত করার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। কর্মসম্পাদন সূচক ১.২.১ বাস্তবায়নের বিষয়ে ব্যাখ্যা প্রদান করে বলা হয় যে, বর্ণিত লক্ষ্যমাত্রা অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে সকল দপ্তর/সংস্থাকেন্যূনতম একটি উদ্ভাবনী ধারণাসহজীকরণ অথবা ডিজিটাইজেশনের মাধ্যমে বাস্তবায়নকরতে হবে। দপ্তর/সংস্থাসমূহ তাদের বিভিন্ন বিভাগ/শাখার নিকট হতে উদ্ভাবনী প্রস্তাব বা ধারণা সংগ্রহ করে প্রস্তাবিত ধারণাসমূহের মধ্য হতে বাস্তবায়নযোগ্য ধারণা চিহ্নিত করে বাস্তবায়ন প্রক্রিয়া শুরু করতে পারে। কর্মসম্পাদন সূচক ১.২.১ বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত সুনির্দিষ্ট ছক নির্ধারিত সময়ের মধ্যে পূরণ করে ডাটাবেজ প্রস্তুত করতে হবে। কর্মসম্পাদন সূচক ১.২.২ বাস্তবায়নের নিমিত্ত ডাটাবেজের সেবাসমূহকে ৪ মে, ২০২৩ এর মধ্যে আবশ্যিকভাবে চালু রাখতে হবে। এছাড়াও অন্যান্য কর্মসম্পাদন সূচকসমূহ যথাযথভাবে নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষন ও

মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩' অনুসরণ করে প্রতিবেদন প্রেরণ করার বিষয়ে সচেতন ও সচেষ্ট থাকার জন্য সভাপতি উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। উপসচিব, বিসিএস প্রশাসন একাডেমি বলেন, ই-গভনের্ন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ সফলভাবে বাস্তবায়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরবর্তী এ সংক্রান্ত প্রশিক্ষণসমূহে দপ্তর/সংস্থার প্রতিনিধিদেরও অন্তর্ভূক্ত করা যেতে পারে।

০৪। সিনিয়র সহকারী সচিব, সিপি-৩ শাখা উল্লেখ করেন, বিভাগীয় পর্যায়ে ইনোভেশন মেলা আয়োজনের লক্ষ্যে বিভাগীয় কমিশনারগণের অনুকূলে অর্থ বরাদ্দ প্রদানের প্রস্তাব সিনিয়র সচিব মহোদয় অনুমোদন করেছেন। উদ্ভাবনী মেলা আয়োজনের লক্ষ্যে একটি নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে। খসড়াটি চূড়ান্ত করার লক্ষ্যে সভায় উপস্থাপন করা হয়। সিনিয়র সচিব মহোদয়ের অনুমোদনক্রমে এটি বিভাগীয় কমিশনারগণের নিকট প্রেরণ করা হবে মর্মে সভায় আলোচনা করা হয়।

০৫। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

<u>সিদ্ধান্তসমূহ:</u>

ক) ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন দপ্তর/সংস্থা হতে আগামী ২৫, জানুয়ারী, ২০২৩ এর মধ্যে যথাযথ প্রমাণকসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।

খ) ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন করে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থার ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা প্রতিবেদন ৩১ জানুয়ারী, ২০২৩ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থার প্রতিনিধিদের অংশগ্রহণে ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

(ঙ) বিভাগীয় পর্যায়ে ইনোভেশন মেলা আয়োজনের লক্ষ্যে প্রণীত নির্দেশিকার খসড়াটি চূড়ান্ত করা হয়। সিনিয়র সচিব মহোদয়ের অনুমোদনক্রমে এটি বিভাগীয় কমিশনারগণের নিকট প্রেরণ করা হবে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. আবু শাহীন মোঃ আসাদুজ্জামান
যুগ্মসচিব (সিপি), জনপ্রশাসন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৯৭.০১.০০৩.২২.১২

তারিখ: ২৪ মাঘ ১৪২৯
০৭ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
২) মহাপরিচালক (সচিব) , বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি)
৩) রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
৪) রেক্টর (সচিব), বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
৫) মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
৬) মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
৭) পরিবহন কমিশনার (অতিরিক্ত দায়িত্ব), সরকারি যানবাহন অধিদপ্তর
৮) পরিচালক, পরিচালক এর দপ্তর, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়ীয়া, ঢাকা
৯) যুগ্মসচিব, প্রশাসন-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
১০) যুগ্মসচিব, সওব্য-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
১১) উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
১২) উপসচিব , শৃঙ্খলা-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
১৩) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
১৪) উপসচিব, প্রেষণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
১৫) উপসচিব, বাবাকো শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
১৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
১৭) ব্যক্তিগত কর্মকর্তা, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিব, সিপি মহোদয়ের সদয় অবগতির জন্য)।।

মৌরীন করিম
সিনিয়র সহকারী সচিব